

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
রাজস্ব (এস.এ.) শাখা
www.sunamganj.gov.bd


স্মারক নং- ০৫.৪৬.৯০০০.০০৮.১২.০১৮.১৬-২১৫

তারিখঃ ১১ ফাল্গুন ১৪২৬
২৪ ফেব্রুয়ারি ২০২০

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সুনামগঞ্জ জেলার সকল উপজেলার জলমহালের ইজারাদারগণকে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন প্রকল্পের আওতায় ২০ একরের উর্ধ্ব বদ্ধ জলমহাল, জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রদত্ত ২০ একর উর্ধ্ব জলমহাল, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রদত্ত অনূর্ধ্ব ২০ একর জলমহাল ও খাস আদায়ের মাধ্যমে মৎস্য আহরণের জন্য অনুমতি প্রদত্ত জলমহালের মৎস্য আহরণের ক্ষেত্রে জলমহাল লীজ ফরমে সম্পাদিত চুক্তিপত্রের ১৫ নং শর্তে 'প্রজননকালে মা মাছ নিধন করা যাবে না, সেচ যন্ত্র বা রাসায়নিক বস্তু ব্যবহার বা জলমহাল শুকিয়ে মৎস্য আহরণ করা যাবে না' মর্মে উল্লেখ রয়েছে। এছাড়াও সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৬ নং নীতিতে 'খাস কালেকশনের সময় মা মাছ নিধন করা যাবে না' মর্মে উল্লেখ রয়েছে।

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ১৩ নং নীতি অনুযায়ী কোনো ইজারা গ্রহীতা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করে সেচ যন্ত্র বা রাসায়নিক বস্তু ব্যবহার বা জলমহাল শুকিয়ে মৎস্য আহরণ করলে অথবা মা-মাছ নিধন করলে ইজারা চুক্তির শর্ত লঙ্ঘনের দায়ে বিদ্যমান মৎস্য আইনের আওতায় ভ্রাম্যমান আদালত গঠন করে সংশ্লিষ্ট ইজারাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ইজারা চুক্তির ২৯ নং শর্ত অনুযায়ী লীজ বাতিল করে জলমহালটি সরকারি ব্যবস্থাপনায় আনয়ন করা হবে।


28/02/2020

(মোহাম্মদ আব্দুল আহাদ)

জেলা প্রশাসক

সুনামগঞ্জ

ও

সভাপতি

জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

ফোনঃ ০৮৭১-৬২০০০

dcsunamganj@mopa.gov.bd

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

- ১। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ২। জেলা মৎস্য অফিসার, সুনামগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, _____ (সকল), সুনামগঞ্জ।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), _____ (সকল), সুনামগঞ্জ।
- ৫। উপজেলা মৎস্য অফিসার, _____ (সকল), সুনামগঞ্জ।
- ৬। অফিস নথি।